বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

# কর্মসংস্থান ব্যাংক

**(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)**

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৬-২০১৭/ ১৯৩৬

তারিখ ঃ ২১.০৩.২০১৭

সকল আঞ্চলিক ব্যবস্থাপক ও
সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক

**বিষয় ঃ কর্মকর্তা-কর্মচারীদের সঞ্চয়ী আমানত হিসাবে বেতন-ভাতা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগের ০৬.০৩.২০১৭ তারিখের সার্কুলার লেটার নং কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৬-২০১৭/১৮২৬ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উল্লেখিত সার্কুলার লেটারের মাধ্যমে এ ব্যাংকের ঋণ গ্রহীতাদের পাশাপাশি অন্যান্যদের জন্য সঞ্চয়ী আমানত হিসাব খোলার দিক-নির্দেশনা প্রদান করা হয়। এ ছাড়াও প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ বিভাগের ৩১.০৩.২০১৩ তারিখের পরিপত্র নং ০১/২০১৩ এর মাধ্যমে ব্যাংকের সকল শাখা/আঞ্চলিক কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত নামে সার্ভিসিং ব্যাংকে সঞ্চয়ী আমানত হিসাব খুলে তাঁদের বেতন-ভাতাদি প্রদানের নির্দেশ প্রদান করা হয়।

০৩। বিগত ২০.০৩.২০১৭ তারিখে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ব্যাংকের সিনিয়র ম্যানেজমেন্ট কমিটির (সি.এম.সি) ৬ষ্ঠ সভায় ব্যাংকের প্রধান কার্যালয়সহ সকল শাখা/আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রধান কার্যালয়ের ক্ষেত্রে প্রধান শাখা, ঢাকা এবং অন্যান্যদের ক্ষেত্রে স্থানীয় স্ব-স্ব বেতন প্রদানকারী শাখায় তাদের নিজ নিজ নামে সঞ্চয়ী আমানত হিসাব খোলাসহ উক্ত হিসাবের মাধ্যমে তাদের বেতন-ভাতাদি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। এমতাবস্থায়, সিনিয়র ম্যানেজমেন্ট কমিটির (সি.এম.সি) সিদ্ধান্ত বাস্তবায়নসহ ব্যাংকের সকল শাখা/আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের সকল স্থায়ী ও দৈনিক মজুরী ভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত নামে স্ব-স্ব বেতন প্রদানকারী শাখায় এবং প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীদের প্রধান শাখা, ঢাকায় সঞ্চয়ী আমানত হিসাব খুলে তাঁদের বেতন-ভাতাদি প্রদানের নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, কর্মকর্তা-কর্মচারীদের বদলীজনিত কারনে প্রয়োজানুসারে সংশ্লিষ্ট হিসাবটি বদলীকৃত সংশ্লিষ্ট শাখায় স্থানান্তর করতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত নামে স্ব-স্ব বেতন প্রদানকারী শাখায় রক্ষিত সঞ্চয়ী আমান হিসাবে বেতন-ভাতাদি প্রদানে নিম্নরূপ হিসাব পদ্ধতি অনুসরণ করতে হবে এবং ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদরে জন্য কর্মী সঞ্চয়ী খতিয়ান নামে একটি পৃথক সঞ্চয়ী খতিয়ান সংরক্ষন করতে হবে ঃ

(ক) বেতন-ভাতাদি ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত নামের সঞ্চয়ী আমানত হিসাব স্থানান্তরের হিসাব পদ্ধতি **(প্রধান কার্যালয়)** ঃ কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ বেতন-ভাতাদি হিসাব করে নীট বেতন কর্মকর্তা-কর্মচারীদরে স্ব-স্ব নামে প্রধান শাখা, ঢাকায় রক্ষিত সঞ্চয়ী আমানত হিসাবে স্থানান্তরের উদ্দেশ্যে সংশ্লিষ্ট শাখায় এডভাইস প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩০৩০০-ব্যয় হিসাব<br>(সংশ্লিষ্ট বেতন-ভাতার উপ-খাতসমূহ) | ১১০২০০-কেবি আন্ত অফিস হিসাব |

ক্রমশ: পৃষ্ঠা নং-০২

(খ) প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদির এডভাইস হিসাব পদ্ধতি **(প্রধান শাখা, ঢাকা)** ঃ প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদির এডভাইস প্রাপ্তির পর কর্মকর্তা-কর্মচারীদের নিজ নিজ নামে প্রধান শাখা, ঢাকায় রক্ষিত সঞ্চয়ী আমানত হিসাবে স্থানান্তর করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১১০২০০-কেবি আন্ত অফিস হিসাব | ০২০২০০-সঞ্চয়ী আমানত হিসাব<br>(সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর সঞ্চয়ী আমানত হিসাব) |

(গ) বেতন-ভাতাদি কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত নামের সঞ্চয়ী আমানত হিসাবে স্থানান্তরের হিসাব পদ্ধতি **(শাখা কার্যালয়)** ঃ শাখার এবং আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের বেতন রেজিষ্টারে বেতন-ভাতাদি হিসাব করে কর্মকর্তা-কর্মচারীদের স্ব-স্ব নামে শাখায় রক্ষিত সঞ্চয়ী আমানত হিসাবে নীট বেতন স্থানান্তর করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩০৩০০-ব্যয় হিসাব<br>(সংশ্লিষ্ট বেতন-ভাতার উপ-খাতসমূহ) | ০২০২০০-সঞ্চয়ী আমানত হিসাব<br>(সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর সঞ্চয়ী আমানত হিসাব) |

(ঘ) সঞ্চয়ী আমানত হিসাব হতে টাকা প্রদানের হিসাব পদ্ধতি **(শাখা কার্যালয়)** ঃ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সঞ্চয়ী আমানত হিসাব হতে টাকা উত্তোলনের ক্ষেত্রে সংশ্লিষ্ট হিসাবধারীর সংযুক্ত আবেদন মোতাবেক অর্থ প্রদান করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

(i) সার্ভিসিং ব্যাংকের চেকের মাধ্যমে প্রদান করা হলে ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০২০২০০-সঞ্চয়ী আমানত হিসাব<br>(সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর সঞ্চয়ী আমানত হিসাব) | ০৮০২০২-এসএনডি হিসাব |

(ii) ক্রেডিট ক্যাশ ভাউচার/উইথড্রয়াল স্লিপের মাধ্যমে প্রদান করা হলে ঃ

সার্ভিসিং ব্যাংক হতে উত্তোলন/নগদ তহবিল হতে পরিশোধের ক্ষেত্রে-

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৭০১০০- নগদ তহবিল | ০৮০২০২-এসএনডি হিসাব |
| ০২০২০০-সঞ্চয়ী আমানত হিসাব<br>(সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর সঞ্চয়ী আমানত হিসাব) | ০৭০১০০- নগদ তহবিল |

(ঙ) শাখা কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সঞ্চয়ী হিসাব থেকে নগদ/চেকের মাধ্যমে অর্থ উত্তোলনকালে আবেদনপত্রগুলো একিভুত করে একটি তালিকা প্রস্তুত করে একটি ক্যাশ ক্রেডিট ভাউচারে সংযুক্ত করে পরিশোধ করা যেতে পারে।

(চ) আবেদনকৃত সঞ্চয়ী আমানত হিসাব থেকে অর্থ উত্তোলনকালে শাখা ব্যবস্থাপক সংশ্লিষ্ট আমানতকারীর স্বাক্ষরের সঠিকতা যাচাই করে আবেদনপত্রে পেমেন্ট অর্ডার দিতে হবে।

ক্রমশ: পৃষ্ঠা নং-০৩

(ছ) মার্চ' ২০১৭ মাস থেকে সঞ্চয়ী হিসাবের মাধ্যমে বেতন-ভাতাদি পরিশোধের পর মার্চ, এপ্রিল ও মে'২০১৭ মাসে শাখার বেতন গ্রহনকারী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক উত্তোলিত অর্থের পরিমান নিম্ন বর্ণিত ছকে পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার পরামর্শ দেয়া হলো।

| শাখার নাম | বেতন প্রদানের তারিখ | স্থানান্তরিত মোট বেতন-ভাতাদি | স্থানান্তরের তারিখে ও সংশ্লিষ্ট মাসে উত্তোলিত অর্থের পরিমান | পরবর্তী মাসের বেতন-ভাতাদি প্রদানের পূর্বে উত্তোলিত অর্থের পরিমান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

(জ) সর্ভিসিং ব্যাংক হতে অর্থ উত্তোলন ও শাখায় সংরক্ষন এবং সর্ভিসিং ব্যাংকে অবশিষ্ট অর্থ জমা প্রদানের সময়ে শাখা ব্যবস্থাপককে যথাযথ বিধি অনুসরণ পূর্বক সতর্কতা অবলম্বনের পরামর্শ দেয়া হলো।

০৫। সঞ্চয়ী আমানত খোলা ও পরিচালনার বিষয়ে এ বিভাগের ০৬.০৩.২০১৭ তারিখের সার্কুলার লেটারের দিক নির্দেশনা সকল শাখাকে অনুসরণের পরামর্শ দেয়া হলো। এ বিষয়ে স্পষ্টিকরণের প্রয়োজন হলে অত্র বিভাগের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

-২১/৩/২০১৭

সংযুক্তি ঃ বর্ণনানুযায়ী।

( এ বি এম সফিকুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

পত্র সূত্র নং-কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৬-২০১৭/ তারিখ ঃ ২১.০৩.২০১৭

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর, প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় দায়িত্বে নিয়োজিত সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, আইটি ও প্রকৌশল বিভাগকে সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়;
৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
৭। অফিস নথি।

২১.০৩.২০১৭

(মোহাম্মদ জাকির হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

"সংযুক্তি-০১"

তারিখ ঃ ------------------------

ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক
------------------ শাখা ------------------ ।

আমার সঞ্চয়ী হিসাব নং ------------------------------------ হতে ---------------------------------

(----------------------------------------------------) টাকা নগদে/চেকে প্রদানের জন্য অনুরোধ করছি।

স্বাক্ষর ঃ ------------------------------
নাম ঃ ---------------------------------
পদবী ঃ --------------------------------